

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১৯৭

আগরতলা, ২৫ মার্চ, ২০২৫

বিধানসভা সংবাদ

**রাজ্যের বিভিন্ন বাজারে ১০টি সৌরচালিত ৬ মেট্রিকটন
ক্ষমতাসম্পন্ন কোল্ড স্টোরেজ স্থাপন করা হয়েছে : কৃষিমন্ত্রী**

রাজ্যের বিভিন্ন বাজারে ১০টি সৌলার বেসড ৬ মেট্রিকটন ক্ষমতাসম্পন্ন কোল্ড স্টোরেজ স্থাপন করা হয়েছে বলে কৃষিমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন। আজ রাজ্য বিধানসভায় বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরীর এক প্রশ্নের লিখিত উত্তরে কৃষিমন্ত্রী জানান, মোহনপুরের জগৎপুর বাজার, খোয়াইয়ের পূর্ব রামচন্দ্রঘাট বাজার, বামুটিয়া বাজার, শালগড়া বাজার, শান্তিরবাজার, মাছলি বাজার, সোনামুড়া সজি বাজার, মহারানী ব্যারেজ বাজার, উপ্তাখালি বাজার এবং জগন্নাথপুরের বাগান বাজারে এই কোল্ড স্টোরেজগুলি স্থাপন করা হয়েছে। কৃষিমন্ত্রী জানান, ২০২৩ সালের মধ্যে এই হিমঘরগুলি তৈরি করা হয়েছে এবং প্রতিটি হিমঘরের আনুমানিক মূল্য হচ্ছে ১৪ লক্ষ ৯৫ হাজার ২২৯ টাকা। কৃষিমন্ত্রী জানান, বাজারের অবিক্রিত কৃষিপণ্যের যেন অপচয় না হয় সে উদ্দেশ্যে এই হিমঘরগুলি তৈরি করা হয়েছে। হিমঘরগুলি যে কারিগরী স্পেশিফিকেশন অনুযায়ী তৈরি করা হয়েছে তাতে কৃষকদের কৃষিপণ্য আপৎকালীন সময়ের জন্য (৩-৪ দিন) সংরক্ষণ করা যাবে। দীর্ঘমেয়াদি সংরক্ষণের জন্য এগুলি নির্মাণ করা হয়নি। তিনি জানান, সৌরচালিত হিমঘরগুলি নির্মিত হওয়ার পর থেকে ঐ এলাকার কৃষকগণ তাদের অবিক্রিত কৃষি পণ্যাদি ঐ হিমঘরগুলিতে সংরক্ষণ করে আসছেন। এতে অবিক্রিত কৃষি পণ্যের অপচয় রোধ করা যাচ্ছে এবং কৃষকগণও তাদের উৎপাদিত পণ্যের সঠিক মূল্য পাচ্ছেন।
